

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
স্থানীয় সরকার বিভাগ  
আইন-১ অধিশাখা  
Website: www.lgd.gov.bd

নং-৪৬.০২০.০০৪.০০.০১.৩৮৫.২০১৫- ৪৪৯

তারিখ: ১৪/০২/১৬


বিষয়: রীট পিটিশন নং-৮৯৪০/২০১৫ মামলায় প্রদত্ত স্থগিতাদেশের বিরুদ্ধে সরকার পক্ষে লিভ-টু-আপীল দায়ের সংক্রান্ত।

সূত্র: এ বিভাগের উপজেলা-১ শাখার গত ১০-০১-২০১৬খ্রিঃ তারিখের ৬৫ সংখ্যক স্মারক।

রাজশাহী জেলার চারঘাট উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান জনাব মোঃ নাজমুল হককে সাময়িকভাবে বরখাস্ত করা হলে তিনি উক্ত আদেশকে চ্যালেঞ্জ করে মহামান্য হাইকোর্ট বিভাগে ৮৯৪০/২০১৫নং রীট পিটিশন দায়ের করেন। মাননীয় আদালত গত ৩১-০৮-২০১৫খ্রিঃ তারিখে উক্ত আদেশের উপর ০৬(ছয়) মাসের স্থগিতাদেশ প্রদান করেন। উক্ত স্থগিতাদেশের বিরুদ্ধে আপীল দায়েরসহ আদেশটি ভ্যাকেট করার ব্যবস্থা গ্রহণের জন্য এ বিভাগের উপজেলা-১ শাখার চাহিদার প্রেক্ষিতে স্থগিতাদেশের সার্টিফাইড কপি প্রেরণের জন্য আইন-১ শাখা হতে গত ২৯-১১-২০১৫খ্রিঃ তারিখে এ বিভাগের উপজেলা-১ শাখাকে অনুরোধ করা হয়। উক্ত মামলার প্রদত্ত স্থগিতাদেশের কপি সংগ্রহ করে জরুরি ভিত্তি লিভ-টু-আপীল দায়েরের জন্য সূত্রোক্ত স্মারকে আইন অধিশাখাকে অনুরোধ করা হয়েছে।

০২। এমতাবস্থায়, সরকারি স্বার্থ বিবেচনায় বর্ণিত রীট পিটিশনে প্রদত্ত স্থগিতাদেশের সার্টিফাইড কপি সংগ্রহ করে সরকার পক্ষে আপীল দায়েরসহ স্থগিতাদেশটি ভ্যাকেটকরণসহ মামলাটি নিষ্পত্তির ব্যবস্থা গ্রহণ করার জন্য মামলাটি নিষ্পত্তির ব্যবস্থা গ্রহণ করার জন্য নিয়োগকৃত প্যানেল আইনজীবী হিসেবে নির্দেশক্রমে তাঁকে দায়িত্ব প্রদান করা হলো।

০৩। বিষয়টি অতিব জরুরি।

  
(মোঃ ইশান আলী রাজা বাঙালী)  
উপসচিব  
৯৫৪০৯৯৫  
Email:ishanaliraja@gmail.com

এসকে শফিক মাহমুদ পুস্প  
বেসরকারি প্যানেল আইনজীবী  
স্থানীয় সরকার বিভাগ।

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো:

- ০১। বিজ্ঞ এটর্নী জেনারেল অব বাংলাদেশ, বাংলাদেশ সুপ্রীমকোর্ট, ঢাকা;
- ০২। বিজ্ঞ সলিসিটর, সলিসিটর অনুবিভাগ, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সুপ্রীমকোর্ট, ঢাকা;
- ০৩। সিনিয়র সহকারী সচিব (উপজেলা-১ শাখা), স্থানীয় সরকার বিভাগ;
- ০৪। সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য);
- ০৫। সিনিয়র সহকারী সচিব (প্রশাসন-১ শাখা), স্থানীয় সরকার বিভাগ;
- ০৬। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ, ৮৩/বি, মৌচাক টাওয়ার, মালিবাগ, ঢাকা;
- ০৭। হিসাব রক্ষণ কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ;
- ০৮। সহকারী কম্পিউটার প্রোগ্রামার (পত্রটি ওয়েব সাইটে প্রকাশের জন্য)।